

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

তারিখ	:	০৬ জুন, ২০০৮
স্থান	:	সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
সভাপতি	:	কর্ণেল সালাহুউদ্দিন আহমেদ প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১)	ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন অধিনায়ক বিএনএস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস।	--	সদস্য
(২)	লেঃ কর্ণেল মোঃ আব্দুস সালাম অধিনায়ক সিএমইএস (আর্মি) ঢাকা সেনানিবাস।	--	সদস্য
(৩)	উইং কমান্ডার এম হুমায়ুন কবীর, পিএসসি প্রতিনিধি অধিনায়ক (প্রশাসনিক শাখা) বিমানবাহিনী ঘাঁটি বাশার ঢাকা সেনানিবাস।	--	সদস্য
(৪)	মেজর আব্দুর রশিদ আকন্দ প্রতিনিধি কমান্ড্যান্ট, এস ই এম ও সম্মিলিত সামরিক হাসপাতাল ঢাকা সেনানিবাস।	--	সদস্য

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে এবং সভার কার্যক্রমে সম্মানিত সদস্যবৃন্দের সহযোগিতা কামনা করে সভাপতি মহোদয় সভার কাজ আরম্ভ করেন। শুরুতে সভাপতি মহোদয় গত এক বছরে বোর্ডসভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতির তালিকা পরবর্তী সভায় পেশ করার জন্য বলেন। এর পর সভার আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

প্রস্তাব নং-১ :	গত ১২ এপ্রিল, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।
গৃহীত সিদ্ধান্ত :	গত ১২ এপ্রিল, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ করা হলো।
প্রস্তাব নং-২ :	মার্চ ও এপ্রিল, ২০০৮ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।
গৃহীত সিদ্ধান্ত :	মার্চ ও এপ্রিল, ২০০৮ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

প্রস্তাব নং-৩ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০৩-২০০৪ সালের প্রস্তাবিত সংশোধিত বাজেট পর্যালোচনা ও অনুমোদন।

গৃহীত সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০৩-২০০৪ সালের সংশোধিত বাজেট আলোচনান্তে অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-৪ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০৪-২০০৫ সালের প্রস্তাবিত মৌলিক বাজেট পর্যালোচনা ও অনুমোদন।

গৃহীত সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০৪-২০০৫ সালের প্রস্তাবিত মৌলিক বাজেটের উপর বিস্তারিত আলোচনা হয় এবং বাজেটে প্রস্তাবিত নতুন পদসমূহ সৃষ্টি ও প্রস্তাবিত নতুন প্রকল্পসহ বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাবিত বাজেট সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-৫ : মার্চ ও এপ্রিল, ২০০৪ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত : মার্চ ও এপ্রিল, ২০০৪ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো এবং যথাযথ কর্তৃপক্ষকে অনতিবিলম্বে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য বলা হলো।

প্রস্তাব নং-৬ : ডিওএইচএস মহাখালী জামে মসজিদের ইমাম, মুয়াজ্জিন ও খাদেম এর বদলী প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসঙ্গে ডিওএইচএস মহাখালী এসোসিয়েশন, ঢাকা এর ২৪ এপ্রিল, ২০০৪ তারিখের ৮৯৭/ডিওএইচএস(০) নং পত্রখানা সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : ডিওএইচএস মহাখালী জামে মসজিদের ইমাম, মুয়াজ্জিন ও খাদেম এর বদলী প্রসঙ্গে আলোচনার শুরুতে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট কর্তৃক প্রেসিডেন্ট, ডিওএইচএস মহাখালী এসোসিয়েশন এর ২৪ এপ্রিল, ২০০৪ তারিখের ৮৯৭/ডিওএইচএস(০) এবং কর্ণেল মোঃ মজিবুর রহমান, পিএসসি (অবঃ), ডিওএইচএস মহাখালী থেকে প্রাপ্ত ১৩ মে, ২০০৪ তারিখের পত্র দুটি পড়ে শোনানো হয়। সভায় পত্রদুটির উপর বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হলো :-

(ক) মহাখালী ডিওএইচএস জামে মসজিদের ইমাম, মুয়াজ্জিন ও খাদেমের চাকরি বদলীযোগ্য নয় বিধায় তাঁদেরকে বদলীর জন্য কর্তৃপক্ষের নিকট সুপারিশ করা গেল না। তবে :-

(১) ইমাম সাহেব তাঁর উপর ন্যস্ত দায়িত্বের বাইরে অন্য কোন কাজে অংশ গ্রহণ করতে পারবেন না।

(২) নির্ধারিত সময়ে জুম্মার নামাজ এবং ওয়াকতিয়া নামাজে ইমামতি করবেন।

(৩) ধর্মীয় বিষয় তথা কোরান, হাদিস ও সুন্নার সঠিক ব্যাখ্যা করবেন এবং কোন রকম বিভ্রান্তি নিজেকে জড়াবেন না।

(৪) মসজিদ কমিটির সাথে সর্বদা যোগাযোগ রক্ষা করবেন এবং তাঁদের পরামর্শ মতে মসজিদ সংক্রান্ত সমুদয় নির্দেশ মেনে চলবেন।

(৫) সরকার অনুমোদিত কোন প্রাইভেট প্রতিষ্ঠানে সাংগঠনিক পদে অধিষ্ঠিত হতে পারবেন না।

(৬) মসজিদে বসে কোন বিতর্কিত কথা বার্তা বা রাজনৈতিক আলাপ আলোচনা করতে পারবেন না।

(খ) উপরেবর্ণিত শর্তাবলী গ্রহণ সাপেক্ষে ইমামতি করতে রাজি আছেন মর্মে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বরাবর লিখিত অঙ্গীকারনামা দিতে হবে। তাঁর উপর ন্যস্ত দায়িত্ব পালনে ব্যত্যয় ঘটলে ক্যান্টনমেন্ট সার্ভেন্টস রুল ১৯৫৪ মোতাবেক তাঁর বিরুদ্ধে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।

(গ) খাদেম ক্বারী আব্দুর রউফ নিজে দায়িত্ব পালন না করে তার পরিবর্তে ছেলে বা নাতিকে পাঠিয়ে দায়িত্ব সম্পাদন করানো যাবে না। নিজের দায়িত্ব নিজেকেই পালন করতে হবে। এতে কোন ব্যত্যয় ঘটলে ক্যান্টনমেন্ট সার্ভেন্টস রুল ১৯৫৪ মোতাবেক তার বিরুদ্ধে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।

প্রস্তাব নং-৭ : মহাখালী ডিওএইচএস এলাকায় নির্মিতব্য শপিং কমপ্লেক্সের ২২(বাইশ)টি দোকান ৩০ মার্চ, ২০০৪ তারিখে অনুষ্ঠিত নিলাম ইজারায় মোট ২১ (একুশ) জন প্রত্যেকেই ৫০,০০০.০০(পঞ্চাশ হাজার) টাকার ব্যাংক ড্রাফট জমা করে নিলাম ডাকে অংশগ্রহণ করেন। উক্ত দোকানগুলোর মধ্যে ০২টি দোকানের প্রত্যেকটির সরকারী ডাক ১২,০০,০০০.০০(বার লক্ষ) টাকা এবং অপর ২০টি দোকানের প্রত্যেকটির সরকারী ডাক ৮,০০,০০০.০০ (আট লক্ষ) টাকা এম আর পি নির্ধারণ করা হয় (উহার উপর ১৫% ভ্যাট প্রদেয়)। উক্ত সরকারী ডাকের উপরে নিলাম ডাক দেয়ার জন্য অনুরোধ করা হলে ইজারায় অংশগ্রহণকারীগণ সরকারী ডাকের অংক অধিক বলে কেহই ইজারা ডাক প্রদান করেননি। ফলে উক্ত দোকানগুলোর জন্য পুনরায় ১৯ এপ্রিল, ২০০৪ তারিখে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে পুনঃনিলাম ইজারা অনুষ্ঠিত হলে উক্ত তারিখে ০৫ জন প্রতিযোগী প্রত্যেকেই ৫০,০০০.০০ টাকার ব্যাংক ড্রাফট জমা করে নিলাম ডাকে অংশগ্রহণ করে। উক্ত তারিখেও পুনরায় তারা সরকারী ডাক কমানোর জন্য অনুরোধ করেন। উক্ত দোকানসমূহ পুনরায় ১৭ মে, ২০০৪ তারিখে নিলাম ইজারা অনুষ্ঠিত হয়। উক্ত তারিখে প্রত্যেকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার ব্যাংক ড্রাফট জমা করে মোট ৩৯(উনচল্লিশ) জন ডাককারী অংশ গ্রহণ করেন। ২৬ মে, ২০০৪ তারিখে ২১(একুশ) জন অবসর প্রাপ্ত সামরিক কর্মকর্তা লিখিতভাবে ডাকের অংক কমানোর অনুরোধ করে দোকানগুলো বরাদ্দ চেয়ে আবেদন করেন। দোকানসমূহের পুনঃ ইজারা/নিলামের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : সভায় বিষয়টি বিস্তারিতভাবে পর্যালোচনা করা হয়। উপরোক্ত দোকানসমূহ প্রকাশ্য নিলামে আগ্রহী নিলাম ডাককারী না পাওয়া ১৭ মে, ২০০৪ তারিখ পর্যন্ত ৩য় বার প্রকাশ্য নিলাম দেয়া হয়। উক্ত তারিখে ৩৯ (উনচল্লিশ) জন ব্যক্তি নিলাম ডাকে অংশ গ্রহণ করেন এবং দোকানের সরকারী ডাকের অংক কমানোর অনুরোধ করেন। অধিকন্তু ২৬ মে, ২০০৪ তারিখে ২১ (একুশ) জন সামরিক কর্মকর্তা দোকানগুলোর বরাদ্দ চেয়ে আবেদন করেন। তাঁদের আবেদনের প্রেক্ষিতে মহাখালী শপিং কমপ্লেক্সের উপরোক্ত দোকানগুলো ডিওএইচএস এলাকায় অবসর প্রাপ্ত সামরিক কর্মকর্তাদের মধ্যে অগ্রাধিকার ভিত্তিতে বরাদ্দ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো এবং প্রয়োজনে বেসামরিক ব্যক্তিবর্গের মাঝেও বরাদ্দ দেয়া যেতে পারে যে ক্ষেত্রে সামরিক অফিসারগণ ব্যবসা চালাতে অপারগ হবেন। এছাড়াও ডিওএইচএস এলাকায় যাদের বাড়ী হতে ইতিমধ্যে দোকান উচ্ছেদ করা হয়েছে তাদেরকে অগ্রাধিকার দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশলী এবং রেভিনিউ শাখা কর্তৃক মাস্টার প্ল্যান অনুযায়ী ২২টি দোকানের নাম্বার এবং ব্যবসার ধরণ/প্রকৃতি অনুযায়ী প্রত্যেকটি দোকানের পৃথক পৃথক মূল্য নির্ধারণ পূর্বক একটি প্রতিবেদন পরবর্তীতে উপস্থাপন করার জন্য বলা হলো। উক্ত নীতিমালায় আলোকে যে সকল অবসর প্রাপ্ত সামরিক কর্মকর্তা নির্ধারিত মূল্যে দোকান নিতে ইচ্ছুক থাকবে তাদেরকে উক্ত দোকান বরাদ্দ দেয়া হবে। এছাড়া যে সকল দোকানসমূহ নিতে ইচ্ছুক হবে না, ঐ সকল দোকান প্রকাশ্যে পুনঃ নিলাম দেয়ার ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রস্তাব নং-৮ : ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ১/বি নং প্লটে নির্মিত ৩/বি নং ফ্ল্যাটটি বাড়ীর মালিকের পক্ষে তাঁর নিযুক্তীয় আম-মোক্তার জনাব হাসিবুল বাসার এর ০৯ জানুয়ারী, ২০০১ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা মিসেস জাহানারা আহমেদ, স্বামী-মরহুম জামিলুদ্দিন আহমেদ এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ১৫ এপ্রিল, ২০০৪ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্রের মাধ্যমে বিক্রয়/হস্তান্তরের অনুকূলে অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের রাজস্ব ও প্রকৌশল শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনাস্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১/বি নং প্লটে নির্মিত ৩/বি নং ফ্ল্যাটটি মিসেস জাহানারা আহমেদ, স্বামী-মরহুম জামিলুদ্দিন এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

- প্রস্তাব নং-৯ : ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ১৬/এফ নং প্লটে নির্মিত সি/৫ নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক মিসেস সাজেদা আলমের পক্ষে তাঁর নিযুক্তীয় আম-মোক্তার জনাব মুহাম্মদ ফারুক খান, এমপি ও চেয়ারম্যান, সামিট প্রোপার্টিজ এন্ড কনস্ট্রাকশন কোং (প্রাঃ) লিঃ এর ০৯ এপ্রিল, ২০০১ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা লেঃ কর্ণেল (অবঃ) এ বি এম ফারুক, পিতা-আলহাজ্ব তালুকদার এম এ রশিদ এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ২২ অক্টোবর, ২০০১ তারিখের ১৩০০/৩০/১০/নিরাপত্তা নং পত্রের মাধ্যমে বিক্রয়/হস্তান্তরের অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের রাজস্ব ও প্রকৌশল শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।
- গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৬/এফ নং প্লটে নির্মিত সি/৫ নং ফ্ল্যাটটি লেঃ কর্ণেল (অবঃ) এ বি এম ফারুক, পিতা- আলহাজ্ব তালুকদার এম এ রশিদ এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।
- প্রস্তাব নং-১০ : ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ১৬/এফ নং প্লটে নির্মিত এ/৩ নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক মিসেস সাজেদা আলমের পক্ষে তাঁর নিযুক্তীয় আম-মোক্তার জনাব মুহাম্মদ ফারুক খান, এমপি ও চেয়ারম্যান, সামিট প্রোপার্টিজ এন্ড কনস্ট্রাকশন কোং (প্রাঃ) লিঃ এর ০৯ এপ্রিল, ২০০১ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা ব্রিগেডিয়ার জেনারেল জাহাঙ্গীর কবীর (অবঃ), পিতা-মৃত এম রহমান এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ১৩ মে, ২০০২ তারিখের ১৩০০/৩০/১০/নিরাপত্তা নং পত্রের মাধ্যমে বিক্রয়/হস্তান্তরের অনুকূলে অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের রাজস্ব ও প্রকৌশল শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।
- গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৬/এফ নং প্লটে নির্মিত এ/৩ নং ফ্ল্যাটটি ব্রিগেডিয়ার জেনারেল (অবঃ) জাহাঙ্গীর কবীর, পিতা-মৃত এম রহমান এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।
- প্রস্তাব নং-১১ : ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ১৬/এফ নং প্লটে নির্মিত সি/৩ নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক মিসেস সাজেদা আলমের পক্ষে তাঁর নিযুক্তীয় আম-মোক্তার জনাব মুহাম্মদ ফারুক খান, এমপি ও চেয়ারম্যান, সামিট প্রোপার্টিজ এন্ড কনস্ট্রাকশন কোং (প্রাঃ) লিঃ এর ০৯ এপ্রিল, ২০০১ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা জনাব মোঃ ফখরুল হক, পিতা-ডাঃ মোঃ ফজলুল হক এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ০৯ সেপ্টেম্বর, ২০০২ তারিখের ১৩০০/১১০/২৩/ইস্টেট নং পত্রের মাধ্যমে বিক্রয়/হস্তান্তরের অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের রাজস্ব ও প্রকৌশল শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।
- গৃহীত সিদ্ধান্ত : উপরোক্ত বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৬/এফ নং প্লটে নির্মিত সি/৩ নং ফ্ল্যাটটি জনাব মোঃ ফখরুল হক, পিতা-ডাঃ মোঃ ফজলুল হক এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।
- প্রস্তাব নং-১২ : ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ১৬/এফ নং প্লটে নির্মিত সি/২ নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক মিসেস সাজেদা আলমের পক্ষে তাঁর নিযুক্তীয় আম-মোক্তার জনাব মুহাম্মদ ফারুক খান, এমপি ও চেয়ারম্যান, সামিট প্রোপার্টিজ এন্ড কনস্ট্রাকশন কোং (প্রাঃ) লিঃ এর ০৯ এপ্রিল, ২০০১ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা লেঃ কর্ণেল এম মহিউদ্দিন আহমেদ (অবঃ) পিতা-মৃত মোঃ মফিজ উল্যা এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ০৭ জানুয়ারি, ২০০৩ তারিখের ১৩০০/৩০/১০/নিরাপত্তা/× নং পত্রের মাধ্যমে বিক্রয়/হস্তান্তরের অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের রাজস্ব ও প্রকৌশল শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।
- গৃহীত সিদ্ধান্ত : উক্ত বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৬/এফ নং প্লটে নির্মিত সি/২ নং ফ্ল্যাটটি লেঃ কর্ণেল (অবঃ) এম মহিউদ্দিন আহমেদ, পিতা-মৃত মোঃ মফিজ উল্যা এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১৩ : ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ১৯/এ নং প্লটে নির্মিত ১/বি নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক বেগম নীলুফার আক্তার এর ২৬ আগস্ট, ২০০১ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা বেগম শাহরিয়া শারমিন, স্বামী-জনাব আরশাদ জামাল এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ২৩ অক্টোবর, ২০০১ তারিখের ১৩০০/৩০/১০/নিরাপত্তা নং পত্রের মাধ্যমে বিক্রয়/হস্তান্তরের অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের রাজস্ব ও প্রকৌশল শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৯/এ নং প্লটে নির্মিত ১/বি নং ফ্ল্যাটটি বেগম শাহরিয়া শারমিন, স্বামী-জনাব আরশাদ জামাল এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১৪ : ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ১৯/এ নং প্লটে নির্মিত ১/এ নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক বেগম নিলুফার আক্তার এর ২৬ আগস্ট, ২০০১ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা বেগম সুলতানা আফরোজ, স্বামী-জনাব ফয়েজুর রহমান এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ২৩ অক্টোবর, ২০০১ তারিখের ১৩০০/৩০/১০/নিরাপত্তা নং পত্রের মাধ্যমে বিক্রয়/হস্তান্তরের অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের রাজস্ব ও প্রকৌশল শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : উপরোক্ত প্রস্তাবের প্রেক্ষিতে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৯/এ নং প্লটে নির্মিত ১/এ নং ফ্ল্যাটটি বেগম সুলতানা আফরোজ, স্বামী-জনাব ফয়েজুর রহমান এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১৫ : ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ১৯/এ নং প্লটে নির্মিত ২/বি নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক বেগম নিলুফার আক্তার এর ২৮ নভেম্বর, ২০০১ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা বেগম হোসনা হক, স্বামী-মৃত সামছুল হক, প্রযত্নে- ব্রিগেডিয়ার জেনারেল আনোয়ার হোসেন এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ০২ আগস্ট, ২০০৩ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্রের মাধ্যমে বিক্রয়/হস্তান্তরের অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের রাজস্ব ও প্রকৌশল শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৯/এ নং প্লটে নির্মিত ২/বি নং ফ্ল্যাটটি বেগম হোসনা হক, স্বামী-মৃত সামছুল হক প্রযত্নে-ব্রিগেডিয়ার জেনারেল আনোয়ার হোসেন এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১৬ : ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ১৯/এ নং প্লটে নির্মিত ৪/বি নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক বেগম নিলুফার আক্তার এর ০৬ জানুয়ারি, ২০০২ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা স্কোয়াড্রন লীডার (অবঃ) ইকবাল হোসেন, পিতা-জনাব মোঃ আব্দুল কাদের এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ১১ জানুয়ারি, ২০০৩ তারিখের ১৩০০/৫০/২২ নং পত্রের মাধ্যমে বিক্রয়/হস্তান্তরের অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের রাজস্ব ও প্রকৌশল শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৯/এ নং প্লটে নির্মিত ৪/বি নং ফ্ল্যাটটি স্কোয়াড্রন লীডার (অবঃ) ইকবাল হোসেন, পিতা-জনাব মোঃ আব্দুল কাদের এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

- প্রস্তাব নং-১৭ : ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ২৯ নং প্লটে নির্মিত এ/২ নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক বেগম রোকেয়া ওয়াদুদ এর ২৯ ডিসেম্বর, ২০০২ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা বেগম জাহানারা তোফায়েল, স্বামী-ব্রিগেডিয়ার জেনারেল এ জেড তোফায়েল আহাম্মেদ (অবঃ) এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ২৯ জানুয়ারি, ২০০৩ তারিখের ১৩০০/১১০/ইস্টেট-৬ নং পত্রের মাধ্যমে বিক্রয়/হস্তান্তরের অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের রাজস্ব ও প্রকৌশল শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।
- গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৯ নং প্লটে নির্মিত এ/২ নং ফ্ল্যাটটি বেগম জাহানারা তোফায়েল, স্বামী- ব্রিগেডিয়ার জেনারেল (অবঃ) এ জেড তোফায়েল আহাম্মেদ এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।
- প্রস্তাব নং-১৮ : ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ২৯ নং প্লটে নির্মিত এ/৪ নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক বেগম রোকেয়া ওয়াদুদ এর ২৯ ডিসেম্বর, ২০০২ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা বেগম শাহিন কাওসার, স্বামী-মোঃ শাহা আলম এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ২৯ জানুয়ারি, ২০০৩ তারিখের ১৩০০/১১০/ইস্টেট-৫ নং পত্রের মাধ্যমে বিক্রয়/হস্তান্তরের অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের রাজস্ব ও প্রকৌশল শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।
- গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৯ নং প্লটে নির্মিত এ/৪ নং ফ্ল্যাটটি বেগম শাহিন কাওসার, স্বামী-জনাব মোঃ শাহা আলম এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।
- প্রস্তাব নং-১৯ : ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৩০/এফ নং প্লটে নির্মিত ২/১ নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক মেসার্স সামিট প্রোপার্টিজ এন্ড কনস্ট্রাকশন কোং (প্রাঃ) লিঃ ব্যবস্থাপনা পরিচালক- জনাব মুহাম্মদ আজিজ খান এর ২২ নভেম্বর, ২০০১ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা জনাব আনোয়ার হোসেন, পিতা-মৃত হাজী মোঃ ইয়াকুব এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ০১ নভেম্বর, ২০০১ তারিখের ১৩০০/৩০/১০/নিরাপত্তা নং পত্রের মাধ্যমে বিক্রয়/হস্তান্তরের অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের রাজস্ব ও প্রকৌশল শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।
- গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩০/এফ নং প্লটে নির্মিত ২/১ নং ফ্ল্যাটটি জনাব আনোয়ার হোসেন, পিতা-মৃত হাজী মোঃ ইয়াকুব এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।
- প্রস্তাব নং-২০ : ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৩০/এফ নং প্লটে নির্মিত ২/৩ নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক মেসার্স সামিট প্রোপার্টিজ এন্ড কনস্ট্রাকশন কোং (প্রাঃ) লিঃ ব্যবস্থাপনা পরিচালক- জনাব মুহাম্মদ আজিজ খান এর ২২ নভেম্বর, ২০০১ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা সৈয়দা ইকবাল আরা, স্বামী-মেজর (অবঃ) তাহের উদ্দিন আখঞ্জি এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ২০ জানুয়ারি, ২০০২ তারিখের ১৩০০/৩০/১০/ নিরাপত্তা নং পত্রের মাধ্যমে বিক্রয়/হস্তান্তরের অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের রাজস্ব ও প্রকৌশল শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।
- গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩০/এফ নং প্লটে নির্মিত ২/৩ নং ফ্ল্যাটটি সৈয়দা ইকবাল আরা, স্বামী-মেজর (অবঃ) তাহের উদ্দিন আখঞ্জি এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

- প্রস্তাব নং-২১ : ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৩০/এফ নং প্লটে নির্মিত ৬/১ নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক মেসার্স সামিট প্রোপার্টিজ এন্ড কনস্ট্রাকশন কোং (প্রাঃ) লিঃ ব্যবস্থাপনা পরিচালক- জনাব মুহাম্মদ আজিজ খান এর ২২ নভেম্বর, ২০০১ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা মেজর সুলতান আহমেদ (অবঃ), পিতা-মৃত আবদুল ওয়াহেদ এর নিকট বিক্রয়/ হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ২৮ জুলাই, ২০০২ তারিখের ১৩০০/৩০/১০/নিরাপত্তা/×× নং পত্রের মাধ্যমে বিক্রয়/হস্তান্তরের অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের রাজস্ব ও প্রকৌশল শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।
- গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩০/এফ নং প্লটে নির্মিত ৬/১ নং ফ্ল্যাটটি মেজর সুলতান আহমেদ (অবঃ), পিতা-মৃত আবদুল ওয়াহেদ এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।
- প্রস্তাব নং-২২ : ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৩০/এফ নং প্লটে নির্মিত ৪/২ নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক মেসার্স সামিট প্রোপার্টিজ এন্ড কনস্ট্রাকশন কোং (প্রাঃ) লিঃ ব্যবস্থাপনা পরিচালক- জনাব মুহাম্মদ আজিজ খান এর ২২ নভেম্বর, ২০০১ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা কর্ণেল আজিজুর রহমান (অবঃ), পিতা-মৃত মোঃ লুৎফর রহমান এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ১৫ মে, ২০০২ তারিখের ১৩০০/৩০/১০/নিরাপত্তা নং পত্রের মাধ্যমে বিক্রয়/হস্তান্তরের অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের রাজস্ব ও প্রকৌশল শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।
- গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩০/এফ নং প্লটে নির্মিত ৪/২ নং ফ্ল্যাটটি কর্ণেল (অবঃ) আজিজুর রহমান, পিতা-মৃত মোঃ লুৎফর রহমান এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।
- প্রস্তাব নং-২৩ : ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৩০/এফ নং প্লটে নির্মিত ২/৪ নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক মেসার্স সামিট প্রোপার্টিজ এন্ড কনস্ট্রাকশন কোং (প্রাঃ) লিঃ ব্যবস্থাপনা পরিচালক- জনাব মুহাম্মদ আজিজ খান এর ২২ নভেম্বর, ২০০১ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা লেঃ কর্ণেল বেগম নাজনীন, এএমসি, স্বামী-মেজর ইয়াদ আলী ফকির (অবঃ) এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ০৯ জুন, ২০০২ তারিখের ১৩০০/৩০/১০/নিরাপত্তা নং পত্রের মাধ্যমে বিক্রয়/ হস্তান্তরের অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের রাজস্ব ও প্রকৌশল শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।
- গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩০/এফ নং প্লটে নির্মিত ২/৪ নং ফ্ল্যাটটি লেঃ কর্ণেল বেগম নাজনীন, এএমসি, স্বামী-মেজর ইয়াদ আলী ফকির (অবঃ) এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।
- প্রস্তাব নং-২৪ : ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৩০/এফ নং প্লটে নির্মিত ৩/৩ নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক মেসার্স সামিট প্রোপার্টিজ এন্ড কনস্ট্রাকশন কোং (প্রাঃ) লিঃ ব্যবস্থাপনা পরিচালক- জনাব মুহাম্মদ আজিজ খান এর ২২ নভেম্বর, ২০০১ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা মেজর মোঃ শফিউল আলম ভূঁইয়া (অবঃ), পিতা-মমজ উদ্দিন ভূঁইয়া এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ২৪ জুলাই, ২০০২ তারিখের ১৩০০/৩০/ ১০/নিরাপত্তা/× নং পত্রের মাধ্যমে বিক্রয়/হস্তান্তরের অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের রাজস্ব ও প্রকৌশল শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।
- গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩০/এফ নং প্লটে নির্মিত ৩/৩ নং ফ্ল্যাটটি মেজর (অবঃ) মোঃ শফিউল আলম ভূঁইয়া, পিতা-মমজ উদ্দিন ভূঁইয়া এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

স্মারক নং-২৫ : ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৩০/এফ নং প্লটে নির্মিত ২/২ নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক মেসার্স সামিট প্রোপার্টিজ এন্ড কনস্ট্রাকশন কোং (প্রাঃ) লিঃ চেয়ারম্যান- জনাব মুহাম্মদ ফারুক খাঁন এর ১৯ জুলাই, ২০০৩ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা লেঃ কর্ণেল এ কে এম সাইফুর রশিদ, পিতা-মরহুম আমিন উদ্দিন আহমেদ এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ১৫ আগস্ট, ২০০২ তারিখের ১৩০০/৩০/ ১০/নিরাপত্তা নং পত্রের মাধ্যমে বিক্রয়/ হস্তান্তরের অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের রাজস্ব ও প্রকৌশল শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩০/এফ নং প্লটে নির্মিত ২/২ নং ফ্ল্যাটটি লেঃ কর্ণেল এ কে এম সাইফুর রশিদ, পিতা-মরহুম আমিন উদ্দিন আহমেদ এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

স্মারক নং-২৬ : ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৩০/এফ নং প্লটে নির্মিত ৫/৪ নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক মেসার্স সামিট প্রোপার্টিজ এন্ড কনস্ট্রাকশন কোং (প্রাঃ) লিঃ চেয়ারম্যান- জনাব মুহাম্মদ ফারুক খাঁন এর ১৯ জুলাই, ২০০৩ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা লেঃ কর্ণেল আমজাদ হোসেন (অবঃ), পিতা-মৃত মোমতাজ উদ্দিন এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ১৯ আগস্ট, ২০০২ তারিখের ১৩০০/৩০/১০/ নিরাপত্তা নং পত্রের মাধ্যমে বিক্রয়/ হস্তান্তরের অনুকূলে অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের রাজস্ব ও প্রকৌশল শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩০/এফ নং প্লটে নির্মিত ৫/৪ নং ফ্ল্যাটটি লেঃ কর্ণেল (অবঃ) আমজাদ হোসেন, পিতা-মৃত মোমতাজ উদ্দিন এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

স্মারক নং-২৭ : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৪ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মালিকগণ (১) জনাব মোঃ নূরুল হুদা, (২) বেগম নাহিদা বাসার (৩) বেগম নাসিরা বাসার, (৪) জনাব মোঃ হাসিবুল বাসার এবং (৫) জনাব মোঃ ইরতাজুল বাসার তাদের ১৬ মার্চ, ২০০৪ তারিখের আবেদনে ক্রেতা মিসেস আলিফ লায়লা, স্বামী-কামরুল হাছান মাসুদ এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ১৯ মে, ২০০৪ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্রের মাধ্যমে বিক্রয়/হস্তান্তরের অনুকূলে অনাপত্তি ছাড়পত্রসহ অত্র দপ্তরের রাজস্ব ও প্রকৌশল শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৪ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি মিসেস আলিফ লায়লা, স্বামী-কামরুল হাছান মাসুদ এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

স্মারক নং-২৮ : ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ১/বি নং প্লটে নির্মিত ২/এ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে ক্রেতা ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আনোয়ার ফরিদ, পিতা-মরহুম হাতেম আলী এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এব্যাপারে অত্র দপ্তরের ০৮ জানুয়ারি, ২০০৪ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/১/বি/ফ্ল্যাট নং-২/এ/১৭ নং পত্রের মাধ্যমে হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যপারে রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তাঁর ২৩ এপ্রিল, ২০০৪ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১/বি নং প্লটে নির্মিত ২/এ নং ফ্ল্যাটটির রেজিস্ট্রি দলিল সম্পাদন করায় বর্তমান ক্রেতা ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আনোয়ার ফরিদ, পিতা-মরহুম হাতেম আলী এর নামে নামজারী/রেকর্ড পরিবর্তনের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-২৯ : ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ১/বি নং প্লটে নির্মিত ৩/এ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে ক্রেতা বেগম লুৎফুন নাহার, স্বামী-মেজর এস এম মহিদুল ইসলাম (অবঃ) এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এব্যাপারে অত্র দপ্তরের ০৭/০৩/২০০৩ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/১/বি/৩/এ/২৫ নং পত্রের মাধ্যমে হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তাঁর ২২ মার্চ, ২০০৪ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১/বি নং প্লটে নির্মিত ৩/এ নং ফ্ল্যাটটির রেজিস্ট্রি দলিল সম্পাদন করায় বর্তমান ক্রেতা বেগম লুৎফুন নাহার, স্বামী-মেজর (অবঃ) এস এম মহিদুল ইসলাম এর নামে নামজারী/রেকর্ড পরিবর্তনের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৩০ : ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ১/বি নং প্লটে নির্মিত ৩/সি নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে ক্রেতা মেজর এস এম মহিদুল ইসলাম (অবঃ), পিতা-মরহুম মোঃ লাল মিয়া শরীফ এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এব্যাপারে অত্র দপ্তরের ০৭/০৩/২০০৩ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/১-বি/৩-সি/২৫ নং পত্রের মাধ্যমে হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তাঁর ২২ মার্চ, ২০০৪ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১/বি নং প্লটে নির্মিত ৩/সি নং ফ্ল্যাটটির রেজিস্ট্রি দলিল সম্পাদন করায় বর্তমান ক্রেতা মেজর (অবঃ) এস এম মহিদুল ইসলাম, পিতা-মরহুম মোঃ লাল মিয়া শরীফ এর নামে নামজারী/রেকর্ড পরিবর্তনের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৩১ : ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ২১ নং প্লটে নির্মিত এ/৫ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে ক্রেতা বেগম সুলতানা রহমান, স্বামী- জনাব মুস্তাফিজুর রহমান এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এব্যাপারে অত্র দপ্তরের ২৪ জানুয়ারি, ২০০২ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/২১/৫১ নং পত্রের মাধ্যমে হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তাঁর ৩০ সেপ্টেম্বর, ২০০৩ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২১ নং প্লটে নির্মিত এ/৫ নং ফ্ল্যাটটির রেজিস্ট্রি দলিল সম্পাদন করায় বর্তমান ক্রেতা বেগম সুলতানা রহমান, স্বামী-জনাব মুস্তাফিজুর রহমান এর নামে নামজারী/রেকর্ড পরিবর্তনের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৩২ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের অফিস ক্যান্টিনটি ০১ জুলাই, ২০০৪ তারিখ হতে ৩০ জুন, ২০০৫ পর্যন্ত ০১(এক) বছরের জন্য ইজারা দেয়ার নিমিত্তে ১৪ মার্চ, ২০০৪ তারিখে দরপত্র আহবান করা হলে ০১ (এক)টি মাত্র দরপত্র পাওয়া যায়। তৎপ্রেক্ষিতে ২৯ মার্চ, ২০০৪ তারিখে পুনঃ ইজারা আহবান করা হলে ০৭(সাত)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে জনাব মোঃ সিরাজ মিয়া, ৩৬৫ ইব্রাহিমপুর, ঢাকা সেনানিবাস কর্তৃক মাসিক ৫,০৫০.০০(পাঁচ হাজার পঞ্চাশ) টাকার সর্বোচ্চ দর প্রদান করা হয়। উক্ত দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ ব্যাপারে সংশ্লিষ্ট নথিটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবিত অফিস ক্যান্টিনটি ০১ জুলাই, ২০০৪ হতে ৩০ জুন, ২০০৫ পর্যন্ত ০১ (এক) বৎসরের জন্য জনাব মোঃ সিরাজ মিয়া, ৩৬৫ ইব্রাহিমপুর, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত সর্বোচ্চ মাসিক ৫,০৫০/- (পাঁচ হাজার পঞ্চাশ) টাকার দর অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-৩৩ : রজনীগন্ধা সুপার মার্কেটে সম্পূর্ণ অস্থায়ী পুকুরপাড়ের-৩১ নং লেপ-তোষকের দোকানটি সম্পূর্ণ অস্থায়ী ইজারার মেয়াদ উত্তীর্ণ হওয়ায় ০৮ এপ্রিল, ২০০৪ হতে ০৭ এপ্রিল, ২০০৫ তারিখ পর্যন্ত সম্পূর্ণ অস্থায়ী ইজারা মেয়াদ নবায়নের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এব্যাপারে অস্থায়ী ইজারা লাভকারী জনাব মোঃ রুহুল আমিন এর ০৫ এপ্রিল, ২০০৪ তারিখের আবেদনপত্র সভায় পেশ করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : পুকুরপাড়ের-৩১ নং লেপতোষকের দোকানটি ০৮ এপ্রিল, ২০০৪ হতে ০৭ এপ্রিল, ২০০৫ তারিখ পর্যন্ত পূর্বের প্রতি বর্গফুট ৩.০০ (তিন) টাকা ভাড়ার স্থলে প্রতি বর্গফুট ৪.০০ টাকায় বৃদ্ধি করে বাৎসরিক ভাড়া মোট ৮,৬৪০/- (আট হাজার ছয় শত চল্লিশ) টাকা এককালীন জমা সাপেক্ষে দোকানটি ০১ (এক) বছর মেয়াদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৩৪ : ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রণাধীন রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত হার্ডস্ট্যাড ০১ জুলাই, ২০০৪ হতে ৩০ জুন, ২০০৫ তারিখ পর্যন্ত (০১ বছরের জন্য) ইজারা প্রদানের নিমিত্তে দৈনিক ইত্তেফাক পত্রিকায় ইজারা বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে ২০ এপ্রিল, ২০০৪ তারিখে ০৫(পাঁচ)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে জনাব মাছুম বিল্লাহ, ২৩৯/২ (তৃতীয় তলা) উত্তর কাফরুল, ঢাকা সেনানিবাস কর্তৃক ৪,৩০,১০০.০০ (চার লক্ষ ত্রিশ হাজার একশত) টাকার সর্বোচ্চ দর প্রদান করা হয়। উক্ত দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ ব্যাপারে সংশ্লিষ্ট নথিটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত হার্ডস্ট্যাডটি ০১ জুলাই, ২০০৪ হতে ৩০ জুন, ২০০৫ পর্যন্ত ০১ (এক) বৎসরের জন্য জনাব মাছুম বিল্লাহ, ২৩৯/২ (তৃতীয় তলা) উত্তর কাফরুল, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত সর্বোচ্চ ৪,৩০,১০০/- (চার লক্ষ ত্রিশ হাজার একশত) টাকার দর অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-৩৫ : রজনীগন্ধা সুপার মার্কেটের হার্ডস্ট্যাডে মুরগী জবাইকরণের জন্য মুরগী জবাইখানা তৈরী করতঃ মুরগী জবাই করার অনুমতি প্রদানের জন্য জনাব মোঃ এ বি সিদ্দিক, এ/১৪১, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা সেনানিবাস, ঢাকা ২১ এপ্রিল, ২০০৪ তারিখে আবেদন করেন। এব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত : আবেদনটি বিবেচনা করা গেল না। রজনীগন্ধা সুপার মার্কেটে স্বাস্থ্য সম্মতভাবে মুরগী জবাইকরণের জন্য একটি জবাইখানা এবং মাছের আড়ৎ এর স্থান নির্ধারণের ব্যাপারে নিম্নবর্ণিত ভাবে একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হলো :-

- | | | | |
|-----|--|---|---------|
| (ক) | মেজর আব্দুর রশিদ আকন্দ
অধিনায়ক
স্টেশন হেলথ অর্গানাইজেশন
ঢাকা সেনানিবাস। | - | আহবায়ক |
| (খ) | জনাব কাজী আবদুল ওয়াহেদ
কঞ্জারভেসী অফিসার
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট। | - | সদস্য |
| (গ) | জনাব শাহ আলম পাটওয়ারী
উপ-সহকারী প্রকৌশলী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট। | - | সদস্য |
| (ঘ) | জনাব মোঃ সাহাবউদ্দিন আহমেদ
ট্যাক্স কালেক্টর
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট। | - | সদস্য |
| (ঙ) | জনাব নূরে আলম সিদ্দিকী
কঞ্জারভেসী সুপারভাইজার
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট। | - | সদস্য |

উক্ত কমিটি এ ব্যাপারে উপযুক্ত স্থান চিহ্নিত করে স্বাস্থ্যসম্মত পরিবেশ বজায় রেখে প্রয়োজনীয় মাষ্টার প্ল্যান তৈরী করবে এবং একটি স্বয়ং সম্পূর্ণ প্রতিবেদনের ভিত্তিতে একটি মুরগীর জবাইখানা, মাছের আড়তের ড্রেন ও প্রয়োজনীয় হার্ডস্ট্যান্ড গ্রাউন্ড তৈরী করা যেতে পারে।

প্রস্তাব নং-৩৬ : বারিধারা ডিওএইচএস এলাকায় ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ স্থাপনের বিষয়ে অনুমতি চেয়ে জনাব বশির উদ্দিন, সভাপতি, স্পার্ক সিস্টেমস লিমিটেড, বাড়ী নং-২৪৪, লেন-৩, বারিধারা ডিওএইচএস, ঢাকা সেনানিবাস কর্তৃক ২৩ মার্চ, ২০০৩ তারিখের আবেদনের প্রেক্ষিতে ইন্টারনেট সংযোগ স্থাপনের বিষয়ে অনুমতি দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র পাওয়া গিয়েছে এবং বারিধারা ডিওএইচএস এসোসিয়েশন এর ২৩ মার্চ, ২০০৩ এবং ০১ সেপ্টেম্বর, ২০০৩ তারিখের প্রেরিত তালিকায় পুনরায় সুপারিশ রয়েছে।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবিত বিষয়টি আলোচনান্তে অনুমোদন করা হলো। এ ব্যাপারে ডিওএইচএস এলাকাসমূহে ইন্টারনেট সংযোগ স্থাপনের জন্য ইতোপূর্বে অনুমোদিত নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকাকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-৩৭ : সিএমইএস (আর্মি) ঢাকা, ঢাকা সেনানিবাস, সভাপতি বাজার কমিটি রজনীগন্ধা সুপার মার্কেটের ২০ মে, ২০০৪ তারিখের ১০৯৬/বাজার কমিটি/খন্ড-০১/০২/ই-১ নং পত্রের প্রেক্ষিতে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৬ মে, ২০০৪ তারিখের ৬১৯/৪/এ নং পত্রে বাজার কমিটির কার্যক্রম পরিচালনা ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসঙ্গে সংশ্লিষ্ট নথিটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টি উপর সভায় আলোচনা করা হলো। আলোচনান্তে ০৮ জুন ২০০৪ তারিখ বেলা ১২.৩০ ঘটিকায় ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সভা কক্ষে বাজার কমিটির একটি সভা আহবান করে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হলো :-

(ক) বাজার কমিটির সভাপতি লেঃ কর্ণেল আব্দুস সালাম, সিএমইএস (আর্মি) কর্তৃক বাজারের সার্বিক সমস্যাাদি নিয়ে আলোচনা করেন। আলোচনায় জানা যায় যে, বাজারের কতিপয় দোকান বরাদ্দলাভকারী কর্তৃক তাদের দোকানের সামনে অবৈধ হকার্স বসিয়ে ব্যবসা চালিয়ে থাকে। তাৎক্ষণিকভাবে উক্ত দোকান তালাবদ্ধ করে উক্ত হকার উচ্ছেদের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

(খ) যে সমস্ত দোকান মালিক কর্তৃক নিয়মিত দোকান ভাড়া এবং নিরাপত্তা প্রহরীদের চাঁদা পরিশোধ করা হয় না তাৎক্ষণিক ভাবে তাদের দোকানের তালাবদ্ধ করে বকেয়া দোকান ভাড়া এবং নিরাপত্তা প্রহরীদের চাঁদা আদায়ের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-৩৮ : মহাখালী ডিওএইচএস এলাকায় সি এস ডি ভবনের উত্তরপার্শ্বে খালি জায়গায় শপিং কমপ্লেক্সসহ কার পার্কিং-এর হার্ডস্ট্যান্ড নির্মাণের জন্য ১,০০,০০,০০০.০০ (এক কোটি) টাকা এবং মহাখালী ডিওএইচএস এসোসিয়েশনের অফিস নির্মাণের জন্য ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকাসহ সর্বমোট ১,২০,০০,০০০.০০(এক কোটি বিশ লক্ষ) টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসঙ্গে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২২ এপ্রিল, ২০০৪ তারিখের ৭/এমএলএন্ডসি/টাকা/৪৪১/শা-৮/৬১ নং পত্রটি বোর্ডসভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনায় জিপসাম বোর্ড সিলিং, ফ্লোর টাইলস্, থাই দরজা, সিঁড়ি কক্ষে থাই এর কাজ, বিল্ডিং এর কারুকর্ষ ইত্যাদি কাজ মূল্যানুমান হতে বাদ দিয়ে শপিং কমপ্লেক্সসহ কার পার্কিংয়ের হার্ডস্ট্যান্ড নির্মাণের কাজটি ১,০০,০০,০০০.০০(এক কোটি) টাকার মধ্যে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। আরো সিদ্ধান্ত গৃহীত হয় যে, ডিওএইচএস এসোসিয়েশনের অফিস ভবন নির্মাণ কাজটি ২০,০০,০০০.০০ (বিশ লক্ষ) টাকার মধ্যে সম্পন্ন করার যাবতীয় নকশা এবং মূল্যানুমান পরবর্তী বোর্ডসভায় উপস্থাপন করতে হবে।

প্রস্তাব নং-৩৯ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদনকরণঃ-

ক্রমিক নং	কাজের বিবরণ	মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ মোতাবেক	মন্তব্য
(১)	বারিধারা ডিওএইচএস এলাকার শিশুপার্কের উত্তর-পশ্চিম পার্শ্বে মাটি ভরাট ও প্যালাসাইডিংকরণ।	২,৯৮,৪৬৬.০০ টাকা	বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড হতে
(২)	বারিধারা ডিওএইচএস এলাকার ১২১ নং প্লটের সম্মুখ পর্যন্ত এবং ৩৬৬/১০ নং প্লটের পশ্চিম পার্শ্বে ড্রেনেজ সম্প্রসারণ কাজ।	৩৪,৫৭৬.০০ টাকা	-এ-
(৩)	কচুক্ষেত পুরান বাজার এলাকায় ওয়াসা কর্তৃক কর্তনকৃত রাস্তা মেরামত।	২,৩৭,৪৫৭.০০ টাকা	রোড কাটিং এর জন্য জমাকৃত অর্থ হতে।
(৪)	রজনীগন্ধা সুপার মার্কেটস্থ জনতা ব্যাংকের পশ্চিম পার্শ্বে তিতাস গ্যাস কর্তৃক খননকৃত মাটি ট্রাক দ্বারা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের পশ্চিম পার্শ্বে নীচু এলাকা ভরাটকরণ খরচ।	১৪,৭০০.০০ টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে।

গৃহীত সিদ্ধান্ত : উল্লেখিত ০৪টি কাজের মূল্যানুমান বিস্তারিত আলোচনাক্রমে অনুমোদন করা হলো। দরপত্র আহবানপূর্বক মূল্যানুমান চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-৪০ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদন করণ ঃ-

ক্রমিক নং	কাজের বিবরণ	মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ মোতাবেক	সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম	সর্বনিম্ন উদ্ধৃত দর	সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর	মন্তব্য
(১)	বারিধারা ডিওএইচএস এলাকার ১৩ নং রোড সংলগ্ন দেয়াল ও গেইট নির্মাণ কাজ।	২,৬০,৯৭৪.০০ টাকা	মেসার্স ইউনুছ এন্ড ব্রাদার্স	২৫.৯০% উর্ধ্বে	২৫.৯০% উর্ধ্বে	বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড হতে ব্যয় নির্বাহ করা হবে
(২)	সেনাসদরের সম্মুখে তিনটি ট্রাফিক পোস্ট এবং বি এ এফ গার্ডরুমের নিকটবর্তী ম্যুরালে রিফ্লেকটিভ হানিকম্ব স্ট্রীকার স্থাপন (প্রয়োজনীয় শীটসহ) কাজ।	৪৯,০৭২.০০ টাকা	মেসার্স রিয়া এন্টারপ্রাইজ	০৯.৯০% উর্ধ্বে	০৯.৯০% উর্ধ্বে	২০০৩-২০০৪ আর্থিক সালের রক্ষণাবেক্ষণ খাত হতে।

ক্রমিক নং	কাজের বিবরণ	মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ মোতাবেক	সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম	সর্বনিম্ন উদ্ধৃত দর	সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর	মন্তব্য
(৩)	মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে গ্রুপ-‘চ’ এর রাস্তা সলিংকরণ কাজ।	৪৮,৯৬,৬৫৪.০০ টাকা	বিল্ডার্স কর্পোরেশন	১৯.৯৫% উর্ধ্ব	১৫.০০% উর্ধ্ব	মিরপুর ডিওএইচএস উন্নয়ন ফান্ড হতে ব্যয় নির্বাহ করা হবে
(৪)	মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে গ্রুপ-‘ছ’ এর রাস্তা সলিংকরণ কাজ।	২৩,৬৪,২১১.০০ টাকা	মেসার্স এম আর এন্টারপ্রাইজ	১৯.৯৮% উর্ধ্ব	১৫.০০% উর্ধ্ব	মিরপুর ডিওএইচএস উন্নয়ন ফান্ড হতে ব্যয় নির্বাহ করা হবে
(৫)	বনানী ডিওএইচএস এলাকার প্রবেশ পথ ও গলফ ক্লাবের প্রবেশ পথে কাটা তারের বেড়া সরবরাহ ও স্থাপন।	৪৯,৪২৩.০০ টাকা	মেসার্স জুই এন্টারপ্রাইজ	২৭.০০% উর্ধ্ব	২৭.০০% উর্ধ্ব	রোড কাটিং এর জন্য জমাকৃত অর্থ হতে।
(৬)	বারিধারা ডিওএইচএস এলাকার পুকুর পাড়ের চতুর্দিকে ওয়াকওয়ে/ রাস্তা ঢালাইকরণ কাজ।	১৩,০১,৯০৫.০০ টাকা	মেসার্স আলী কনস্ট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স	২৫.৪৮% উর্ধ্ব	২২.৫০% উর্ধ্ব	বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড হতে ব্যয় নির্বাহ করা হবে
(৭)	মুসলিম মডার্ণ একাডেমীর খেলার মাঠ উন্নয়ন ও ড্রেন নির্মাণ।	৭০,০৩৯.০০ টাকা	মেসার্স প্রোগ্রেসিভ ইঞ্জিঃ এন্ড কোং	০৯.৯০% উর্ধ্ব	০৯.৯০% উর্ধ্ব	২০০৩-২০০৪ আর্থিক সালের রক্ষণাবেক্ষণ খাত হতে।
(৮)	সম্মুত স্বাধীনতা গেটের উত্তরপার্শ্বে যত্রতত্র পারাপার বন্ধের জন্য ফুটপাথে জি আই পাইপের ব্যারিয়ার নির্মাণ।	২৫,৩৮৪.০০ টাকা	মেসার্স রিয়া এন্টারপ্রাইজ	২৭.০০% উর্ধ্ব	২৭.০০% উর্ধ্ব	২০০৩-২০০৪ আর্থিক সালের উন্নয়নমূলক খাত হতে।
(৯)	ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের জন্য আসবাবপত্র ক্রয়।	(বাজার দর) ১,৩৫,৭৭৫.০০ টাকা	অটোবি লিমিটেড	১,২৭,৬২৯.০০ টাকা	১,২৭,৬২৯.০০ টাকা	২০০৩-২০০৪ আর্থিক সালের উন্নয়নমূলক খাত হতে।
(১০)	মহাখালী ডিওএইচএস এলাকার শিশু পার্কের চতুর্দিকে বাউন্ডারী ওয়াল মেরামত ও রংকরণ।	৪৯,৮০৩.০০ টাকা	মেসার্স এম আর এন্টারপ্রাইজ	০৩.৫০% উর্ধ্ব	১২.০০% নিম্নে	২০০৩-২০০৪ আর্থিক সালের উন্নয়নমূলক খাত হতে।

গৃহীত সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত কাজের সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। বর্তমানে চলমান এম ই এস -এর অনুরূপ কাজের সাথে সামঞ্জস্য রেখে সি এম ই এস (আর্মি) কর্তৃক ভেটিং করা হয়েছে। ভেটিংকৃত নিম্নলিখিত দর অনুমোদন করা হলো। উক্ত ভেটিংকৃত দরে সংশ্লিষ্ট ঠিকাদারগণ কাজ করতে সম্মত থাকলে সম্মতিপত্রগ্রহণপূর্বক কার্যাদেশ প্রদান করা হোক। ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোকঃ-

- (১) ২৫.৯০% উর্ধ্ব দর অনুমোদিত
- (২) ০৯.৯০% উর্ধ্ব দর অনুমোদিত
- (৩) ১৫.০০% উর্ধ্ব দর অনুমোদিত

- (৪) ১৫.০০% উর্ধ্ব দর অনুমোদিত
- (৫) ২৭.০০% উর্ধ্ব দর অনুমোদিত
- (৬) ২২.৫০% উর্ধ্ব দর অনুমোদিত
- (৭) ০৯.৯০% উর্ধ্ব দর অনুমোদিত
- (৮) ২৭.০০% উর্ধ্বদর অনুমোদিত
- (৯) ১,২৭,৬২৯/-টাকার দর অনুমোদিত
- (১০) ১২.০০% নিম্নদর অনুমোদিত

প্রস্তাব নং-৪১ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত ২৭(সাতাশ) টি কাজের জামানতের টাকা ফেরত দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। জামানত ফেরতযোগ্য কাজের তালিকা উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : জামানত ফেরতযোগ্য প্রকল্প/মেরামত কাজের উপর সভায় আলোচনা হয়। সংশ্লিষ্ট প্রকল্প/মেরামত কাজের গুণগতমান যাচাই-বাছাই করে নিম্নোক্ত ২৭(সাতাশ)টি কাজের জামানত ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

ক্রমিক নং	কাজের বিবরণ	ঠিকাদারী ফার্মের নাম
১।	ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ক্যান্টনমেন্ট বোর্ডের কোয়ার্টার নং-১০৩ এর নীচতলা) মেরামত ও রংকরণ।	মেসার্স আমিন ব্রাদার্স
২।	ক্যান্টনমেন্ট বোর্ড অফিস ভবনের মেরামত রং চুনা ও স্নোসেম কাজ	মেসার্স আলাউদ্দিন ট্রেডার্স
৩।	সেনাপল্লী উচ্চ বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ কাজ 'গ্রুপ-ক'	দি মুন এন্টারপ্রাইজ
৪।	সেনাপল্লী উচ্চ বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ কাজ 'গ্রুপ-খ'	দি মুন এন্টারপ্রাইজ
৫।	কচুক্ষেত পুরান বাজার এলাকায় সিবি-১১২ হতে ১২৫ পর্যন্ত রাস্তা মেরামত কাজ।	দি মুন এন্টারপ্রাইজ
৬।	বনানী ডিওএইচএস এলাকার ৯৬/বি নং প্লটে মাটি ভরাট ও আরসিসি পাইপ ড্রেন নির্মাণ কাজ।	মেসার্স শরীফ এন্ড সঙ্গ
৭।	ঢাকা সেনানিবাসস্থ পোস্ট অফিস অফিসার্স আবাসিক এলাকায় শিশু পার্কে খেলাধুলার সরঞ্জামাদি সরবরাহ ও স্থাপন।	সনিকা ইন্টারন্যাশনাল প্রাঃ লিঃ
৮।	ঢাকা সেনানিবাসস্থ বনানী ডিওএইচএস এলাকার ১০৯ নং প্লটে (নতুন) মাটি ভরাট কাজ।	মেসার্স এস এস এন্টারপ্রাইজ
৯।	বারিধারা ডিওএইচএস এলাকার প্রবেশ পথের পটহোল মেরামত/কার্পেটিং কাজ।	মেসার্স দিলদার এন্টারপ্রাইজ
১০।	বারিধারা ডিওএইচএস এলাকার বাউন্ডারী ওয়ালের উপরে বিভিন্ন স্থানে কাটা তারের বেড়া স্থাপন কাজ।	মেসার্স এম এস বিজনেস এন্ড কন্স্ট্রাক্ট
১১।	কচুক্ষেত পুরান বাজার এলাকায় শাহী মসজিদ হতে সেনাপল্লী উচ্চ বিদ্যালয়ের পশ্চিম মাথায় সিবি-২১২ পর্যন্ত কাঁচা ড্রেন খননসহ পাকা ড্রেন নির্মাণ কাজ।	মেসার্স মনির এন্ড কোং
১২।	ঢাকা সেনানিবাসস্থ মিরপবুর ডিওএইচএস এর ১ম ধাপের প্লটসমূহের পিলারিং এর জন্য সার্ভেসহ ১০০০টি সীমানা খুঁটি নির্মাণ কাজ।	ইউনিক কনসালটিং সার্ভিসেস
১৩।	ক্যান্টনমেন্ট আবাসিক এলাকাস্থিত ৭ নং রোডের পশ্চিম প্রান্তে নবনির্মিত সীমানা দেয়ালের বাকী অংশের নির্মাণ কাজ।	মেসার্স আহমেদ এন্ড সঙ্গ
১৪।	কচুক্ষেত পুরান বাজার এলাকার নিরাপত্তা বাতি মেরামত/রক্ষণাবেক্ষন কাজ।	মেসার্স মান্নান ব্রাদার্স
১৫।	শহীদ সরনীতে শহীদ মঈনুল রোড হতে স্বাধীনতা চৌরাস্তা পর্যন্ত রাস্তা মেরামত/ কার্পেটিংসহ ড্রেন নির্মাণ কাজ।	মেসার্স ইমেল এন্টারপ্রাইজ
১৬।	বি এ এফ শাহীন অফিসার কোয়ার্টার সংলগ্ন খালি জায়গায় ছেলে মেয়েদের খেলাধুলার সরঞ্জামাদি সরবরাহ ও স্থাপন।	মেসার্স প্রোগ্রেসিভ ইঞ্জিনিয়ার্স এন্ড কোং

-৪৪ ১৫ ৪৪-

ক্রমিক নং	কাজের বিবরণ	ঠিকাদারী ফার্মের নাম
১৭।	মহাখালী ডি ও এইচএস এলাকার ৪৮৮/এ নং প্লটের পশ্চিম পার্শ্বে বিমান বাহিনীর রাস্তা প্রশস্তকরণ	মেসার্স হাবিব এন্ড ব্রাদার্স
১৮।	মহাখালী ডি ও এইচএস এলাকার অসমাকৃতি ৪৫৯/এ নং প্লটের দক্ষিণ পার্শ্বে বাউন্ডারী ওয়াল নির্মাণ।	মেসার্স মান্নান ব্রাদার্স
১৯।	মহাখালী ডিওএইচএস এলাকায় লেকের উত্তরপার্শ্বে রিটেইনিং ওয়াল নির্মাণ।	বেঙ্গল ইঞ্জিনিয়ার্স কনস্ট্রাকশন ইউনিট
২০।	ঢাকা সেনানিবাস বনানী ডিওএইচএস এলাকায় ০১ (এক)টি বৃহদাকার পাকা ডাষ্টবিন নির্মাণসহ।	সনিকা ইন্টারন্যাশনাল (প্রাঃ) লিঃ
২১।	মহাখালী ডিওএইচএস এলাকায় সেন্ট্রিপোস্ট ও শিশু পার্কে ৭ (সাত) টি ছাতা নির্মাণ।	মেসার্স মিলন এন্টারপ্রাইজ
২২।	ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত ৮৭ নং বাড়ীর দোতলা মেরামত কাজ।	মেসার্স জি এম ট্রেডার্স
২৩।	ঢাকা সেনানিবাস এয়ার হাউসের দক্ষিণে ৩ নং বাংলোর পার্শ্বে একটি দোলনা সরবরাহ ও স্থাপন।	মেসার্স আমিন ব্রাদার্স
২৪।	মহাখালী ডিওএইচএস এলাকায় ০৩ (তিন) পাকা ডাষ্টবিন নির্মাণ।	মেসার্স তাহের এন্টারপ্রাইজ
২৫।	ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং ৬০ (পরিত্যক্ত) এর নীচতলা ও বাউন্ডারী ওয়াল মেরামত ও চুনকাম করণ।	মেসার্স আমিন ব্রাদার্স
২৬।	ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং ৬৫/এ এর নীচতলা ও উপর তলায় পানি সরবরাহের জন্য ১ হর্স পাওয়ার ক্ষমতা সম্পন্ন পানির পাম্প ও পানির লাইন স্থাপন।	মেসার্স কাশেম এন্ড সঙ্গ।
২৭।	ঢাকা সেনানিবাস বনানী ডিওএইচএস এলাকার দক্ষিণ পার্শ্বে পুকুর পাড়ের পুরাতন রাস্তাটি উন্নয়ন করণ।	মেসার্স মনি ট্রেনিং কর্পোরেশন।

প্রস্তাব নং-৪২ : ঢাকা ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা, ডি ও এইচ এস ও বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের ১৬টি নকশা বিল্ডিং বাই'ল অনুযায়ী সঠিক থাকায় অনুমোদন করা হয়েছে। উক্ত নকশাসমূহ ঘটনোত্তর অনুমোদনের জন্য নিম্নে পেশ করা হলোঃ-

ক্রমিক নং	মালিকের নাম	প্লট নম্বর	এলাকার নাম	মন্তব্য
১।	ব্রিগেডিয়ার জেনারেল এ কে মোহাম্মদ আলী সিকদার	৪০৭/৬	বারিধারা ডিওএইচএস	
২।	লেঃ কমাঃ এম এ মান্নান, বিএন (অবঃ)	৫১৯	-এই-	
৩।	গ্রুপ ক্যাপ্টেন এম আবুল কালাম আজাদ (অবঃ)	২৯৭/বি	মহাখালী ডিওএইচএস	
৪।	মিসেস রোকেয়া রহমান গং	২০৫	বারিধারা ডিওএইচএস	
৫।	জনাব এ কে এম আছাদুল হক	২৭২	-এই-	
৬।	লেঃ কর্ণেল মনোয়ার হোসেন	১০৪	-এই-	
৭।	ডাঃ মোঃ মতিয়ার রহমান	৩৬৫	মহাখালী ডিওএইচএস	
৮।	ব্রিগেঃ জেনাঃ আহম্মেদ ইমরুল কায়েস, এনডিইউ, পিএসসি	১০০/বি	বনানী ডিওএইচএস	
৯।	মিসেস কামরুন নাহার বেগম	২৬৪	মহাখালী ডিওএইচএস	
১০।	মেসার্স আরকু ইন্ডাস্ট্রিজ ম্যানুফিকচারিং লিঃ	৩৫	-এই-	
১১।	জনাব আনছার আলী	২৭	ক্যান্টনমেন্ট বাজার এলাকা	
১২।	লেঃ কর্ণেল চৌধুরী হাসান সারওয়ারী	৪০৮/৮	বারিধারা ডিওএইচএস	
১৩।	মিসেস শাহীনা দেওয়ান	৯	বনানী ডিওএইচএস	
১৪।	ব্রিগেঃ জেনাঃ আবু আলম মোহাম্মদ আব্দুর রব	৩২১/২	বারিধারা ডিওএইচএস	

চলমান পাতা-১৬

ক্রমিক নং	মালিকের নাম	পুট নম্বর	এলাকার নাম	মন্তব্য
১৫।	জনাব জি এম ফজলুল হক	২০৬/এ	মহাখালী ডিওএইচএস	
১৬।	জনাব হারুন রশিদ	৬০/বি	ক্যান্টনমেন্ট বাজার এলাকা	

গৃহীত সিদ্ধান্ত : অবহিত হওয়াসহ নকশাসমূহ ঘটনোত্তর অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-৪৩ : ক্যান্টনমেন্ট এলাকার যানবাহন সংকেত বাতি ২০০৪-২০০৫ আর্থিক সালে রক্ষণাবেক্ষণের জন্য (ক) হাজী মহসিন ক্রসিং (খ) শহীদ আনোয়ার ক্রসিং (গ) আই বি গেট ক্রসিং (ঘ) রজনীগন্ধা সুপার মার্কেট ক্রসিং (ঙ) শহীদ আনোয়ার গার্লস কলেজের দক্ষিণ গেটের পথচারী পারাপার ক্রসিং (চ) আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ক্রসিং (ছ) আদমজী ক্যান্টনমেন্ট কলেজ ক্রসিং (জ) সেনাভবনের সামনের পথচারী পারাপার ক্রসিংসহ মোট ০৮টি ক্রসিং প্রতি ক্রসিং পয়েন্ট সংকেত বাতি শুধু রক্ষণাবেক্ষণ বাবদ মাসিক ৭০০/- (সাতশত) টাকা দরে মাইক্রো ইলেক্ট্রনিক্স লিঃ, ৩/৩ সি পুরানা পল্টন, ঢাকা-১০০০ এর ২২ মার্চ, ২০০৪ তারিখে নবায়নের জন্য আবেদন করেছেন। এ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনায় ঢাকা ক্যান্টনমেন্ট এলাকায় যানবাহন সংকেত বাতি ২০০৪-২০০৫ আর্থিক সালে রক্ষণাবেক্ষণের নিমিত্তে প্রতিটি ক্রসিং পয়েন্টের জন্য মাসিক ৭০০/- (সাত শত) টাকা দরে ০৮(আট)টি পয়েন্ট মাইক্রো ইলেক্ট্রনিক্স লিমিটেড এর মাধ্যমে রক্ষণাবেক্ষণের বিষয়টি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-৪৪ : মুসলিম মডার্ণ একাডেমীর পাশাপাশি দুটি প্রবেশ গেইটের দেয়ালের উপর কাঁটা তারের বেড়া মেরামত প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসঙ্গে ১৩ এমপি ইউনিট, ঢাকা সেনানিবাসের ১৩ এপ্রিল, ২০০৪ তারিখের ৭০১৪/১৬/কিউ নং পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : ঢাকা সেনানিবাসের নিরাপত্তার স্বার্থে মুসলিম মডার্ণ একাডেমীর প্রবেশ গেইটের দেয়ালের উপর কাঁটা তারের বেড়া চুরি রোধকল্পে ১৩ এমপি ইউনিট কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে স্টেশন সদর দপ্তরের মাধ্যমে পত্র দেয়ার জন্য অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-৪৫ : চট্টগ্রাম সামরিক অফিসার আবাসিক প্রকল্পের উন্নয়ন চার্জ ফেরত প্রদান প্রসঙ্গে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১২ মে, ২০০৪ তারিখের ২২/এমএলএন্ডসি/এমইও-চট্টগ্রাম/১২৯-৪/শা-৩/২১৪ নং পত্রটি আলোচনা ও সিদ্ধান্তের নিমিত্তে সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : চট্টগ্রাম সামরিক অফিসার আবাসিক প্রকল্পের উন্নয়ন চার্জ ফেরত প্রদান প্রসঙ্গে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের পত্রটি অবহিত হওয়া গেল। সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল হতে ৮,৬০,০০০/- (আট লক্ষ ষাট হাজার) টাকা ঋণ হিসেবে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, চট্টগ্রাম সেনানিবাসকে প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হলো।

-ঃ ১৭ ঃঃ-

শব্দ নং-৪৬ : মিরপুর ডিওএইচএস এর প্রথম ধাপে ৯টি গ্রুপে সর্বনিম্ন দরদাতা ০৮ জন ঠিকাদারকে কার্যাদেশ প্রদান করা হয়। কিন্তু ০৮ জন ঠিকাদারের মধ্যে ০২ জন ঠিকাদার (১) মেসার্স ঢাকা কনস্ট্রাকশন, ১৩০৬, পূর্বশেওড়া পাড়া, মিরপুর, ঢাকা-১২১৬ এবং (২) মেসার্স ভূইয়া কনস্ট্রাকশন, ১৬৮/এ, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা সেনানিবাস মহামান্য হাইকোর্ট বিভাগে মামলা করেন। ফলে এ দুজন ঠিকাদার প্রাপ্ত গ্রুপ নং- 'গ', 'এঃ' ও 'ঝ' এই তিনটি গ্রুপের কাজ স্থগিত থাকে। অন্যান্য ৬টি গ্রুপের কাজ এমইএস সিডিউল অব রেইটস, ১৯৯৫ মোতাবেক চলছে। গত ১১ ফেব্রুয়ারি, ২০০৪ তারিখে উল্লেখিত ২টি ঠিকাদারী ফার্ম তাদের পূর্বকার কার্যাদেশ বহাল রেখে কাজ করার জন্য অত্র দপ্তরে আবেদন করেন এবং মামলা প্রত্যাহার করবেন বলে আবেদনে উল্লেখ করেন। সেমতে মহামান্য হাইকোর্ট ডিভিশন উক্ত ফার্মদ্বয়ের দায়েরকৃত রিটপিটিশন নং-৪২২৯/২০০৩ মামলাটি গত ১৬ মে, ২০০৪ তারিখে খারিজ করেন। এদিকে সেনাসদর দপ্তর, এমএলকিউ পরিদপ্তর কর্তৃক রাস্তা সলিং কাজ জরুরী ভিত্তিতে সম্পন্ন করার জন্য তাগিদ প্রদান করা হচ্ছে। এ বিষয়ে মিরপুর ডিওএইচএস এর উল্লিখিত ৩টি গ্রুপের কাজ অন্যান্য গ্রুপের ন্যায় শুরু করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস এলাকায় সলিং রাস্তা নির্মাণ কাজের জন্য এমইএস সিডিউল অব রেইটস ১৯৯৫ মোতাবেক ০৯টি গ্রুপে দরপত্র গ্রহণ করে ০৮ জন ঠিকাদারকে কার্যাদেশ প্রদান করা হয়েছিল। তন্মধ্যে 'গ', 'এঃ' ও 'ঝ' এই তিনটি গ্রুপের ঠিকাদার যথাক্রমে (১) মেসার্স ঢাকা কনস্ট্রাকশন, ১৩০৬, পূর্বশেওড়া পাড়া, মিরপুর, ঢাকা-১২১৬ এবং (২) মেসার্স ভূইয়া কনস্ট্রাকশন, ১৬৮/এ, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা সেনানিবাস মহামান্য হাইকোর্টে মামলা করায় উক্ত তিনটি গ্রুপের কাজ স্থগিত থাকে। মহামান্য হাইকোর্ট ডিভিশন উক্ত ফার্মদ্বয়ের দায়েরকৃত ৪২২৯/২০০৩ নং রীট পিটিশন মামলাটি ১৬ মে, ২০০৪ তারিখে খারিজ করে দেন। এদিকে ডিওএইচএস কমিটি মিরপুর ডিওএইচএস এলাকার সলিং রাস্তার কাজ জরুরী ভিত্তিতে সম্পন্ন করার তাগিদ থাকায় অন্যান্য গ্রুপের ন্যায় এমইএস সিডিউল অব রেইটস ১৯৯৫ মোতাবেক পূর্বকার দরে মেসার্স ঢাকা কনস্ট্রাকশন ও মেসার্স ভূইয়া কনস্ট্রাকশন-কে কার্যাদেশ প্রদান করে সত্ত্বর ০৯টি গ্রুপের কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

স্তাব নং-৪৭ : ডিওএইচএস মহাখালীস্থ একটি লেক মৎস্যচাষের নিমিত্তে আগামী ০১ জুলাই ২০০৪ হতে ৩০ জুন ২০০৬ পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য ইজারার নিমিত্তে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে দরপত্র আহবান করা হলে ১৬ মে, ২০০৪ তারিখে মোট ০৪(চার)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে জনাব মো: হাসিবুল হুদার দরপত্রে উল্লেখিত ২,৭০,০০০.০০ টাকার দর সর্বোচ্চ বিবেচিত হাওয়ায় উহা অনুমোদনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। উল্লেখ যে, পূর্বের ইজারা গ্রহীতা লেঃ কর্ণেল এ. এস. এম. রেজাউর রহমান (অবঃ) কর্তৃক ০২/০৫/২০০৪ তারিখে একখানা আবেদন অত্র দপ্তরে পেশ করা হয়। আবেদনে তিনি নিম্নবর্ণিত সমস্যাাদি জানানঃ-

- (১) লেকটি ২০/০৩/২০০২ তারিখে টেন্ডার হয় এবং তার মেয়াদ শুরু থেকে ০২ মাস ১৫ দিন পর তাঁকে দেয়া হয়।
- (২) লেকের তলা থেকে গাছের গোড়ালী সড়ানোর জন্য ৮,০০০/-টাকা খরচ করেন এবং মাছ চাষের উপযোগী করতে ৫ মাস সময় নষ্ট হয়।
- (৩) আর্মি ইউনিটের ও ডোবার পানি লেকে সংযোগ দেয়ার কারণে আগত রাক্ষুসে মাছের দ্বারা ২,০০,০০০/-টাকার মাছের পোনা ক্ষতি হয়।
- (৪) আশেপাশের ০৮টি ড্রেন দিয়ে তৈলাক্ত ও সাবানযুক্ত পানি প্রবেশের কারণে পোনা মাছ মরে ক্ষতি হয়।
- (৫) মেয়াদ শেষে আয়-ব্যয় হিসাব কষে তার ক্ষতির অংক ৪,০০,০০০/- টাকার উল্লেখ করেন।
- (৬) পরিশেষে তিনি মাছ চাষের প্রতিকূল অবস্থার কারণে কিছুটা কমপেনসেটোরী টাইম গ্র্যান্ট করার আবেদন করায় উক্ত বিয়য় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবিত বিষয়টি পর্যালোচনা করে লক্ষ্য করা যায় যে, উপরোক্ত সর্বোচ্চ প্রদত্ত দর সন্তোষজনক নয় বিধায় ০১ জানুয়ারী ২০০৫ হতে ৩১ ডিসেম্বর, ২০০৭ পর্যন্ত ০২ (দুই) বৎসরের জন্য লেকটি পুনঃ ইজারা বিজ্ঞপ্তি প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হলো। বর্তমান ইজারা গ্রহীতা লেঃ কর্ণেল এ. এস.এম. রেজাউর রহমান (অবঃ) এর আবেদনের প্রেক্ষিতে ০১ জুলাই, ২০০৪ হতে ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখ ০৬ (ছয়) মাস ক্ষতিপূরণ সময় (কমপেনসেটোরী টাইম গ্র্যান্ট) প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত সময়ের পরে বর্তমান ইজারাদারকে কোনক্রমেই সময় বর্ধিত করা হবে না মর্মে তাকে অবহিত করা সহ তাঁর নিকট হতে উপযুক্ত স্ট্যাম্প অঙ্গীকার নামা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৪৮ : শহীদ রমিজ উদ্দিন কলেজের জন্য ২৩ অক্টোবর, ২০০২ তারিখে ১,১২,০০০/- (এক লক্ষ বার হাজার) টাকা মূল্যে তোশিবা-২০৩০ মডেলের একটি ফটোকপিয়ার মেশিন ক্রয় করা হয়। দীর্ঘ দিন ব্যবহারের পর বর্তমানে মেশিনটির মারাত্মক ত্রুটি দেখা দিয়েছে। মেশিন মেরামতের জন্য মেসার্স ভূইয়া ট্রেডার্স, ৩৩ দক্ষিণ গাঁও মেইন রোড, বাসাবো, ঢাকা-কে দেখানো হলে উক্ত সংস্থা কর্তৃক নিম্নবর্ণিত মালামাল পরিবর্তনের সুপারিশসহ একটি মূল্যানুমান পেশ করা হয় :-

ক্রমিক নং	বিবরণ	সংখ্যা	প্রতিটির মূল্য	মোট মূল্য
১।	ড্রাম	০১ টি	৮,০০০/- টাকা	৮,০০০/- টাকা
২।	ক্লিনিং রোল	০১ টি	২,০০০/- ।।	২,০০০/- ।।
৩।	ডেভলোপার	১ ব্যাগ	৩,০০০/- ।।	৩,০০০/- ।।
৪।	কল গাইড	০২ টি	১,২০০/- ।।	২,৪০০/- ।।
৫।	হিট রোলার	১ টি	৫,০০০/- ।।	৫,০০০/- ।।
৬।	হিট রোলার কলার	২ টি	১,৩০০/- ।।	২,৬০০/- ।।
৭।	স্ক্যাপার	৬ টি	৪০০/-	২,৪০০/- ।।
৮।	টার্মিনাল ফ্রেম	১ সেট	৩,০০০/- ।।	৩,০০০/- ।।
			মোট =	২৮,৪০০/- টাকা

উল্লেখ্য যে, মেশিনটি ইতোপূর্বে মেরামত করা হয়নি। প্রথমবারের মতো মেরামতের অনুমোদনের জন্য মূল্যানুমানটি পেশ করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : শহীদ রমিজ উদ্দিন কলেজের ফটোকপিয়ার মেশিনটি দীর্ঘদিন ব্যবহারের ফলে মারাত্মক ত্রুটি দেখা দেয়ার প্রেক্ষিতে মেরামতকল্পে উপস্থাপিত ২৮,৪০০/- (আটাশ হাজার চারশত) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। উল্লেখ্য যে, উক্ত ব্যয় কলেজের বিবিধ তহবিল হতে সংকুলান করতে হবে।

প্রস্তাব নং-৪৯ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য ২৩ অক্টোবর, ২০০২ তারিখে ১,১২,০০০/- (এক লক্ষ বার হাজার) টাকা মূল্যে তোশিবা-২০৩০ মডেলের একটি ফটোকপিয়ার মেশিন ক্রয় করা হয়। দীর্ঘ দিন ব্যবহারের পর বর্তমানে মেশিনটির মারাত্মক ত্রুটি দেখা দিয়েছে। মেশিন মেরামতের জন্য মেসার্স ভূইয়া ট্রেডার্স, ৩৩ দক্ষিণ গাঁও মেইন রোড, বাসাবো, ঢাকা-কে দেখানো হলে উক্ত সংস্থা কর্তৃক নিম্নবর্ণিত মালামাল পরিবর্তনের সুপারিশসহ একটি মূল্যানুমান পেশ করা হয় :-

ক্রমিক নং	বিবরণ	সংখ্যা	প্রতিটির মূল্য	মোট মূল্য
১।	ড্রাম	০১ টি	৮,০০০/- টাকা	৮,০০০/- টাকা
২।	ক্লিনিং রোল	০১ টি	২,০০০/- ।।	২,০০০/- ।।

ক্রমিক নং	বিবরণ	সংখ্যা	প্রতিটির মূল্য	মোট মূল্য
৩।	ডেভলোপার	১ ব্যাগ	৩,০০০/-	৩,০০০/-
৪।	ফুল গাইড	০২ টি	১,২০০/-	২,৪০০/-
৫।	হিট রোলার	১ টি	৫,০০০/-	৫,০০০/-
৬।	হিট রোলার কলার	২ টি	১,৩০০/-	২,৬০০/-
৭।	স্কাপার	৬ টি	৪০০/-	২,৪০০/-
৮।	টার্মিনাল ফ্রেম	১ সেট	৩,০০০/-	৩,০০০/-
৯।	প্রেসার রোলার লোয়ার)	১ টি	৪,৫০০/-	৪,৫০০/০
			মোট =	৩২,৯০০/- টাকা

উল্লেখ্য যে, মেশিনটি ইতোপূর্বে মেরামত করা হয়নি। প্রথমবারের মতো মেরামতের অনুমোদনের জন্য মূল্যানুমানটি পেশ করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ফটোকপিয়ার মেশিনটি দীর্ঘদিন ব্যবহারের ফলে মারাত্মক ত্রুটি দেখা দেয়ার প্রেক্ষিতে মেরামতকল্পে উপস্থাপিত ৩২,৯০০/- (বত্রিশ হাজার নয়শত) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। উল্লেখ্য যে, উক্ত ব্যয় ২০০৪-২০০৫ আর্থিক সালের অনুমোদিত বাজেটের প্রশাসনিক শাখার নৈমিত্তিক খাত হতে নির্বাহ করতে হবে।

প্রস্তাব নং-৫০ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বর্তমান ০৯(নয়) আসন বিশিষ্ট মাইক্রোবাস নং- ঢাকা মেট্রো-চ-০২-০৫৬৮ (১৯৮৭ মডেল) গত ১২ মার্চ, ১৯৯১ তারিখে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে ৩,৭৩,০০০/- (তিন লক্ষ তিয়াত্তর হাজার) টাকা মূল্যে রিকভিশন অবস্থায় ক্রয় করা হয়েছিল। দীর্ঘ দিন ব্যবহারের ফলে গাড়ীটি বর্তমানে চালু রাখা সম্ভবপর হচ্ছে না। ইতোমধ্যে গাড়ীর জ্বালানী ও রক্ষণাবেক্ষণ ব্যয় অনেকগুণ বেড়ে যাওয়ার কারণে নিলাম/টেন্ডারের মাধ্যমে বিক্রি করে তদস্থলে একটি নতুন ০৯(নয়) আসন বিশিষ্ট মাইক্রোবাস ক্রয়ের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসঙ্গে পুরাতন গাড়ীটি নিলামে বিক্রির নিমিত্ত এর বর্তমান মূল্য নির্ধারণের (ভেটিং) জন্য নিম্নবর্ণিত কমিটি অনুমোদনের নিমিত্তে প্রস্তাব করা হলো :-

- | | | | |
|-----|--|----|----------|
| (১) | সহকারী প্রকৌশলী
ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | আহ্বায়ক |
| (২) | হিসাব রক্ষণ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৩) | সিনিয়র কঞ্জারভেঙ্গী অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৪) | সহকারী সচিব
ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৫) | স্টোর অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৬) | মেকানিক
ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

গৃহীত সিদ্ধান্ত : অত্র দপ্তরের পুরাতন মাইক্রোবাসটি বিক্রি করার নিমিত্তে এর মূল্যানুমান নির্ধারণের জন্য প্রস্তাবিত কমিটি অনুমোদন করা হলো। এতদসঙ্গে ০৯(নয়) আসন বিশিষ্ট একটি নতুন মাইক্রোবাস ক্রয়ের প্রস্তাবও অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক। এছাড়া অত্র দপ্তরের অব্যবহৃত সকল যানবাহন মেরামত/বিক্রির জন্যও উক্ত কমিটি প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার বরাবর সুপারিশ দাখিল করবে।

প্রস্তাব নং-৫১ : জনাব মোঃ রবিউল হোসেন, সহকারী প্রকৌশলী, স্টাফ অফিসার, সেনাসদর, কিউএমজি শাখা, ঢাকা সেনানিবাস তাঁর শ্বশুরের কবর পাকা করার জন্য ২৯ ফেব্রুয়ারি, ২০০১ তারিখে অত্র দপ্তরে ১০,০০০/- (দশ হাজার) টাকা জমা করেন (রশিদ নং-১২, বহি নং-২৯৫)। কিন্তু সংশ্লিষ্ট কবর পাকা করার অনুমতি না পাওয়ায় তিনি জমাকৃত টাকা ফেরত চেয়ে ০৫ মে, ২০০৪ তারিখে আবেদন করেন। কবর পাকা করার টাকা ফেরত প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের নিমিত্তে সংশ্লিষ্ট পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : সেনানিবাস কবরস্থানে কবর পাকা করার অনুমতি না থাকায় আবেদন কারীকে তাঁর জমাকৃত ১০,০০০/- (দশ হাজার) টাকা ফেরৎ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

৫২ বিবিধ (১) : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল পরিচালনা সংক্রান্ত ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট এবং সেনা কল্যান সংস্থার মধ্যে সম্পাদিতব্য খসড়া ব্যবস্থাপনা চুক্তিপত্র (সেনা কল্যাণ সংস্থা কর্তৃক প্রণীত) এর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এব্যাপারে সেনা কল্যাণ সংস্থা কর্তৃক প্রণীত খসড়া ব্যবস্থাপনা চুক্তিপত্র সভায় পেশ করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : সভায় উপস্থাপিত 'সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল' পরিচালনার বিষয়ে ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট এবং সেনা কল্যান সংস্থার মধ্যে সম্পাদিতব্য খসড়া ব্যবস্থাপনা চুক্তিপত্রের উপর আলোচনা হয়। পর্যালোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টা কর্তৃক ০৬ জুন, ২০০৪ তারিখে দাখিলকৃত "আইনতঃ সঠিক আছে" মর্মে আইনগত মতামতের ভিত্তিতে খসড়া ব্যবস্থাপনা চুক্তিপত্র অনুমোদন করা হলো। উল্লেখ্য যে, সেনাকল্যাণ সংস্থা এবং ক্যান্টনমেন্ট বোর্ডের মধ্যে সম্পাদিতব্য সমঝোতা স্মারকে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পক্ষে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে স্বাক্ষর করার প্রাধিকার প্রদান করা হলো। ১৯২৪ সালের ক্যান্টনমেন্ট এ্যাক্টের সংশ্লিষ্ট ধারা মোতাবেক ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালকে প্রস্তাবিত 'সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল' হিসেবে নামকরণসহ সেনাকল্যাণ সংস্থা কর্তৃক তা পরিচালনার নিমিত্ত সমঝোতা স্মারকে বর্ণিত শর্তাবলী সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর কর্তৃক অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হোক।

৫২ বিবিধ (২) : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রণাধীন মহাখালী ডিওএইচএস এলাকায় হযরত কালা শাহ বাবা (রঃ) এর মাজার সংলগ্ন ০.৪৪ একর এবং বনানী কবরস্থান সংলগ্ন ০.৭২ একর জমি ০১/৭/০৪ হতে ৩০/৬/০৫ পর্যন্ত ০১(এক) বছর মেয়াদে নারসারী ইজারা প্রদানের জন্য বিজ্ঞপ্তির মাধ্যমে দরপত্র আহবান করা হলে ০২/৬/০৪ তারিখে মোট ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। উক্ত প্রাপ্ত দরপত্রের মধ্যে তরুণ নারসারী (প্রাঃ) লিঃ, প্রাঃ- জনাব মোঃ নজরুল ইসলাম, ২৭২/এ, নিউ ডিওএইচএস মহাখালী কর্তৃক দাখিলকৃত দর (ক) হযরত কালা শাহ বাবা (রঃ) এর মাজার সংলগ্ন নারসারীর জন্য ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা (খ) বনানী কবরস্থান সংলগ্ন নারসারীর জন্য ৩৪,০০০/- (ত্রিশ হাজার) টাকা মোট ৭৪,০০০/- (চুয়ত্তর হাজার) টাকা সর্বোচ্চ দর হয়। উক্ত দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টি সভায় আলোচনা করা হলো। আলোচনান্তে মহাখালী ডিওএইচএস এলাকায় হযরত কালা শাহ বাবা (রঃ) এর মাজারের নারসারীর জন্য তরুণ নারসারী (প্রাঃ) লিঃ, প্রাঃ- জনাব মোঃ নজরুল ইসলাম, ২৭২/এ নিউ ডিওএইচএস মহাখালী কর্তৃক প্রদত্ত সর্বোচ্চ দর মোট ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা সন্তোষজনক নয় বিধায় সর্বোচ্চ দর দাতা কর্তৃক প্রদত্ত দরের উপর আরও ১০,০০০/- (দশ হাজার) টাকা অতিরিক্ত বাড়িয়ে দেয়ার সম্মতি সাপেক্ষে উক্ত সর্বোচ্চ দর অনুমোদন করা হলো। অন্যতায় উক্ত নারসারীটি দীর্ঘমেয়াদী পুনঃ নিলাম ইজারা দেয়ার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়া ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নিজস্ব উদ্যোগে একটি নারসারী পরিচালনা করার লক্ষ্যে বনানী কবরস্থান সংলগ্ন নারসারীটির প্রদত্ত দর অনুমোদন করা গেল না।

৫২ বিবিধ (৩) : সেনা হোটেল ডেভলোপমেন্ট লিঃ-এ বার প্রাপ্তির জন্য কোর্টসভার সিদ্ধান্তের প্রেক্ষিতে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৮ এপ্রিল, ২০০৪ তারিখের ঢাকাবোর্ড/ট্রেড লাইসেন্স/জেনা/৩/৯১ নং পত্রের মাধ্যমে অনাপত্তি ছাড়পত্র চেয়ে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাসকে পত্র লেখা হয়েছিল। প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ০৬ জুন, ২০০৪ তারিখের ১৩০০/১১০/৬৫ নং পত্রে জানানো হয় যে, সংশ্লিষ্ট এলাকাটি তাদের দায়িত্বের আওতাভুক্ত নয় বিধায় এ ব্যাপারে কিছুই করণীয় নেই। এমতাবস্থায়, এ ব্যাপারে পরবর্তী করণীয় সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর সভায় আলোচনা করা হলো। আলোচনাতে সেনা হোটেল ডেভলোপমেন্ট লিঃ-এর অনুরূপে একটি বার লাইসেন্স সংগ্রহের ব্যাপারে অনাপত্তি ছাড়পত্র প্রদানের জন্য ক্যান্টনমেন্ট একর্জিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

৫২ বিবিধ (৪) : ২০০৩-২০০৪ আর্থিক সালের বিশেষ অনুদান বরাদ্দ প্রসঙ্গে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০৩ জুন, ২০০৪ তারিখের ২/এমএলএডিসি/জেনারেল/৩৬-এ/১০৪ নং পত্রটি অবলোকনের জন্য সভায় পেশ করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনায় সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০৩ জুন, ২০০৪ তারিখের ২/এমএলএডিসি/জেনারেল/৩৬-এ/১০৪ নং পত্রের মাধ্যমে প্রাপ্ত অনুদানসমূহ নিম্নলিখিতভাবে বন্টনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হলো :-

(১)	একটি মাইক্রোবাস ত্রয়	=	৫,০০,০০০.০০ টাকা
(২)	রজনীগন্ধা সুপার মার্কেটে কাচা বাজারে অস্থায়ী সেতু নির্মাণ	=	৮,৫০,০০০.০০ টাকা
(৩)	রজনীগন্ধা সুপার মার্কেটের মাড় বাজারের সংস্কার ও মেরামত কাজ	=	১,৫০,০০০.০০ টাকা
(৪)	রজনীগন্ধা সুপার মার্কেটে মাছের আড়ৎ নির্মাণ	=	৬,০০,০০০.০০ টাকা
(৫)	ডিওএইচএস মহাখালীস্থ পার্কের বেঙ্গলী নির্মাণ	=	৮,০০,০০০.০০ টাকা
(৬)	ডিওএইচএস বনানীর ড্রেন কালভার্ট নির্মাণ	=	৫,০০,০০০.০০ টাকা
(৭)	উর্ষার বৃক্ষ রোপণ ও উদ্যান রক্ষণাবেক্ষণ ব্যয়	=	১,৪০,০০০.০০ টাকা
(৮)	ধরবাড়া মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয়	=	৫,০০,০০০.০০ টাকা
	সর্বমোট	=	৪০,৪০,০০০.০০ টাকা

৫২ বিবিধ (৫) : মহাখালী ডিওএইচএস এলাকাস্থ শিশু পার্কের অভ্যন্তরে চতুর্দিকে জিআই পাইপের পোস্টের সাথে জিআই তারের নেট দ্বারা ঘেরাওকরণের মূল্যানুমান ও দরপত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত


গৃহীত সিদ্ধান্ত : মহাখালী ডিওএইচএস এলাকাস্থ শিশু পার্কের অভ্যন্তরে চতুর্দিকে জিআই পাইপের পোস্টের সাথে জিআই তারের নেট দ্বারা ঘেরাওকরণের কাজের জন্য প্রাপ্ত দরপত্রসমূহের দর অধিক বিবেচিত হওয়ার বাতিল করা হলো। ৮'-০" উচ্চতার জিই পাইপের পোস্টের সাথে জিই তারের নেট দ্বারা ঘেরাওকরণের এমইএস সিডিউল অব রেটস ২০০২ মোতাবেক ৬,৪৪,৮১১/- (ছয় লাফ চারাত্তাশ হাজার আটশত এগার) টাকার মূল্যানুমান সর্বসমগ্র উদ্দেশ্যে অনুমোদন করা হলো। পুনঃদরপত্র আহ্বানপত্রের মূল্যানুমানটি চূড়ান্ত অবলোকনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।


-ঃ ২২ ঃঃ-

৫২ বিবিধ (৬) : রজনীগন্ধা সুপার মার্কেটে মাছের আড়ৎ নির্মাণের মূল্যানুমান ও নকশার উপর আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেটে মাছের আড়ৎ নির্মাণের জন্য এমইএস সিডিউল অব রেইটস ২০০২ মোতাবেক ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। দরপত্র আহ্বানপূর্বক মূল্যানুমানটি চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মোঃ আব্দুল্লাহ আল মামুন)
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।


কর্নেল সাঈদুল হািদীন আহমেদ)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।